# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং: এ-৫১২-৪/২-১(২০২৫-২০২৬) তারিখ: ০৪/১১/২০২৫

১। (ক) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://admission.ru.ac.bd** এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে।

আগামী **২০-১১-২০২৫ তারিখ দুপুর ১২টা থেকে ০৭-১২-২০২৫ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে।**

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আগামী **১৬-০১-২০২৬ তারিখ** C **ইউনিট, ১৭-০১-২০২৬ তারিখ** A **ইউনিট এবং ২৪-০১-২০২৬ তারিখ** B **ইউনিটের** ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি ইউনিটের ভর্তি পরীক্ষা ২ (দুই) শিফটে অনুষ্ঠিত হবে। **১ম শিফট: সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত এবং ২য় শিফট: বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত। ভর্তি পরীক্ষার সময়সীমা হবে ১ (এক) ঘন্টা।**

(গ) ভর্তি পরীক্ষা **রাজশাহী, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর এবং বরিশাল আঞ্চলিক কেন্দ্রসমূহে** অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আবেদনের সময় অবশ্যই পরীক্ষা অঞ্চলের নাম নির্বাচন করতে হবে।

২। ভর্তি আবেদনের যোগ্যতা

**(I)** **২০২৪ ও ২০২৫** সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বিএফএ (প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় (এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে) উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। বিএফএ (প্রাক) ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের আবেদনের সময় বিএফএ মার্কশিট আপলোড করতে হবে।

কারিগরী শিক্ষা বোর্ডের অধীন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশ করা শিক্ষার্থীরাও সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে পারবে, তবে তাদের প্রাপ্ত জিপিএ **৫.০০ স্কেলে** নির্ধারিত হবে।

**(II)**

| |
|---|
| **মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।** |
| **বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।** |
| **বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৮.০০ পেতে হবে।** |
| **জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় ন্যূনতম ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেল, A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনূদিত প্রশ্নপত্র সরবরাহ করা হবে। ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় অনলাইনে থাকা সংশ্লিষ্ট অপশনটি অবশ্যই পূরণ করতে হবে।** |

**(III) ভর্তি পরীক্ষার পূর্ণমান, সময় ও পরীক্ষা গ্রহণের পদ্ধতি**

এইচএসসি ২০২৪ ও ২০২৫ সালের শিক্ষাবোর্ড কর্তৃক প্রণীত পাঠ্যসূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখা হতে ২০২৪ ও ২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা **A, B** ও **C** তিনটি ইউনিটেই যোগ্যতা অনুযায়ী আবেদন করতে পারবে। **আবেদনকারী যে ইউনিটেই আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় হবে ১ (এক) ঘন্টা। পরীক্ষায় প্রতিটি ইউনিটে ৮০টি প্রশ্ন থাকবে। **পরীক্ষায় নেগেটিভ মার্কিং প্রযোজ্য হবে।** প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। একই প্রশ্নের একাধিক উত্তর ভুল উত্তর বলে বিবেচিত হবে। **A** ইউনিটের চারুকলা অনুষদের বিভাগসমূহ, নাট্যকলা ও সংগীত বিভাগ এবং **C** ইউনিটের শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিভাগে ভর্তিচ্ছুদের উত্তরপত্রে (OMR ) তাদের পছন্দের বিষয়টি পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০। এছাড়া ইউনিট/ বিভাগ/ ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত প্রযোজ্য হবে। **অনলাইনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কোটার প্রার্থীদের আবেদন করতে হবে।**

ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার রুটিন ও প্রয়োজনীয় তথ্যাবলী যথাসময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://admission.ru.ac.bd** এ প্রকাশিত হবে।

পরীক্ষার হলে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, যেমন মোবাইল ফোন, ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি সাথে রাখা যাবে না। **দুই কানসহ মুখমন্ডল আবৃত ও হিজাব পরিহিতা নারী পরীক্ষার্থীদের পরিচয় সনাক্তকরণের ক্ষেত্রে প্রয়োজনে নারী পরিদর্শক দ্বারা সনাক্তকরণ করা হবে।**

অঃ পৃঃ দ্রঃ

৩। **বিভিন্ন ইউনিটে প্রদেয় ফি**

| ইউনিট | বিভাগ/ ইনস্টিটিউট | অনলাইনে আবেদন ফি (১০% সার্ভিস চার্জসহ) |
|---|---|---|
| **ইউনিট A (মানবিক)** | **কলা অনুষদ:**<br>(১) দর্শন (২) ইতিহাস (৩) ইংরেজি (৪) বাংলা (৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৬) আরবী (৭) ইসলামিক স্টাডিজ (৮) নাট্যকলা (৯) সঙ্গীত (১০) ফারসি ভাষা ও সাহিত্য (১১) সংস্কৃত এবং (১২) উর্দূ বিভাগ<br>**আইন অনুষদ:**<br>(১) আইন এবং (২) আইন ও ভূমি প্রশাসন বিভাগ<br>**সামাজিক বিজ্ঞান অনুষদ:**<br>(১) অর্থনীতি (২) রাষ্ট্রবিজ্ঞান (৩) সমাজকর্ম (৪)সমাজবিজ্ঞান (৫) গণযোগাযোগ ও সাংবাদিকতা (৬) ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট (৭) লোক প্রশাসন (৮) নৃবিজ্ঞান (৯) ফোকলোর এ্যান্ড সোশ্যাল ডেভেলপমেন্ট স্টাডিজ এবং (১০) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ<br>**চারুকলা অনুষদ:**<br>(১) চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র (২) মৃৎশিল্প ও ভাস্কর্য এবং (৩) গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ<br>**ইনস্টিটিউট:**<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) | **১২০০ + ১২০ = ১৩২০ টাকা** |
| **ইউনিট B (বাণিজ্য)** | **বিজনেস স্টাডিজ অনুষদ:**<br>(১) হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা (২) ম্যানেজমেন্ট স্টাডিজ (৩) মার্কেটিং (৪) ফাইন্যান্স (৫) ব্যাংকিং ও ইনস্যুরেন্স এবং (৬) টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ<br>**ইনস্টিটিউট:**<br>ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) | **১০০০ + ১০০ = ১১০০ টাকা** |
| **ইউনিট C (বিজ্ঞান)** | **বিজ্ঞান অনুষদ**<br>(১) গণিত (২) পদার্থবিজ্ঞান (৩) রসায়ন (৪) পরিসংখ্যান (৫) প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান (৬) ফার্মেসী (৭) পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট (৮) ফলিত গণিত এবং (৯) শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ<br>**কৃষি অনুষদ**<br>(১) এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন এবং<br>(২) ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ<br>**প্রকৌশল অনুষদ**<br>(১) ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল (২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৩) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (৪) ম্যাটেরিয়াল্স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং (৫) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>**জীববিজ্ঞান অনুষদ**<br>(১) মনোবিজ্ঞান (২) উদ্ভিদবিজ্ঞান (৩) প্রাণিবিদ্যা (৪) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (৫) চিকিৎসা মনোবিজ্ঞান এবং (৬) মাইক্রোবায়োলজি বিভাগ<br>**ভূ-বিজ্ঞান অনুষদ**<br>(১) ভূগোল ও পরিবেশবিদ্যা এবং (২) ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ<br>**ফিশারীজ অনুষদ**<br>ফিশারীজ বিভাগ<br>**ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ**<br>ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস বিভাগ | **১২০০ + ১২০ = ১৩২০ টাকা** |

স্বাঃ/-
(প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী বিশ্ববিদ্যালয়